REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

সম্পাদক—শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত।

১০ম বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ২৩শে মাঘ বুধবার ১৩৩০ ইংরাজী 6th February 1924. | ২৩শ সংখ্যা।

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৷৹ টাকা। নগদ মূল্য ৴২॰ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য /॰ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।॰ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵॰ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴॰ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১॰ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /॰ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদাদি নিম্ন লিখিত ঠিকানায় পাঠাইতে হইবে।

শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।


## বিজ্ঞাপন।

গ্রাহকগণের প্রতি নিবেদন :—

আমাদের দোকানে চাঁদি, সোনা, গিনি মোহর এবং সকলপ্রকার স্বর্ণ ও রৌপ্যের অলঙ্কার সর্ব্বদা বিক্রয়ার্থ প্রস্তুত থাকে। কোন অলঙ্কার প্রস্তুত করিতে দিলে আমরা নির্দ্দিষ্ট দিনে দিয়া থাকি। মফঃস্বলে ভিঃ, পিঃ, তে মাল পাঠান হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীবিভূতিভূষণ দে এণ্ড ব্রাদার্স

জঙ্গিপুর, সাহেব বাজার, (মুর্শিদাবাদ)।

ডাঃ এন, এল, পালের

## সুদর্শন সার।

(সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র।)

দুই দিন সেবন করিলেই ফল বুঝিতে পারিবেন। বিশেষতঃ ম্যালেরিয়া জ্বরের হাত হইতে নিষ্কৃতি পাইতে হইলে সুদর্শন সার ব্যবহার করুন। প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বরে ইহা মন্ত্রশক্তির ন্যায় কার্য্য করে। মূল্য প্রতি শিশি ৷৵॰ আনা।

ডাঃ নন্দলাল পাল।

রঘুনাথগঞ্জ।

# হিলিংবাম

গত ২৯ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

**ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।**

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রনা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না অল্পদিনে পুনরাক্রমন করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমরা পাইয়াছি। আই, এম, এস,—কর্ণেল কে, পি, গুপ্ত, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এম,আর, সি, এস এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲
" " মাঝারি শিশি ২৷৹
" " ছোট শিশি ১৸৹

# স্যাণ্ডো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর সম্মুখে গরম পড়িতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাণ্ডো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাণ্ডো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া দাদ, অর্শ, কাউর, বাত আমবাত,সর্দ্দি কাশি সমস্তই স্যাণ্ডো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু,ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাণ্ডো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতিশিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷৹
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন এণ্ড কোং**

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

## গুণে গন্ধে সৌরভসম্পদে
## কেশরঞ্জন অদ্বিতীয়।




কে-শ-র-ঞ্জ-ন সৌন্দর্য্য বৃদ্ধি করে।
কে-শ-র-ঞ্জ-ন মুখকে সুন্দর করে।
কে-শ-র-ঞ্জ-ন চুলকে খুব কাল করে।
কে-শ-র-ঞ্জ-ন কেশ পতন বন্ধ করে।
কে-শ-র-ঞ্জ-ন চিন্তাশীলের সহায়।
কে-শ-র-ঞ্জ-ন রমণীর অতি প্রিয়।
কে-শ-র-ঞ্জ-ন শ্রেষ্ঠ প্রেমোপহার।
কে-শ-র-ঞ্জ-ন সবারই নিত্য প্রয়োজন

মূল্য প্রতি শিশি এক টাকা ডাক ব্যয় সাত আনা।

## রমণী-রক্ষায় অশোকারিষ্টের মত শ্রেষ্ঠ ঔষধ নাই।

অশোকারিষ্ট ঋষিদের উর্ব্বর মস্তিষ্কজাত—রমণী কল্যাণকর মহারিষ্ট। স্ত্রীস্বভাবসুলভ ব্যাধিসমূহে ইহার কার্য্যকরীশক্তি অসীম। অনেক সঙ্কটক্ষেত্রে অথবা চিকিৎসক পরিত্যক্ত রোগীকে, ইহা শান্তি-সুখময় আরোগ্য প্রদান করিয়াছে। "অশোকারিষ্টে" রমণীরক্ষা হয়—রমণীর রোগ বিদূরিত হয়—আর বন্ধ্যা রমণী, বন্ধ্যাত্বের দারুণ নিরাশা-বন্ধন হইতে চিরবিমুক্ত হয়। "অশোকারিষ্ট" ব্যবস্থা করিয়া আমরা অনেক সম্ভ্রান্ত কুল-মহিলাকে কৃচ্ছ্রসাধ্য রমণী সুলভ সাংঘাতিক ব্যাধির কবল হইতে বিমুক্ত করিয়াছি। বাঙ্গালীর শান্তিময় সংসারের লক্ষ্মীরূপিণী রমণীদের রক্ষা করা যদি একটী পবিত্র ব্রত ও কর্ত্তব্য বলিয়া মনে করেন, তবে তাঁহাদের রোগসংবাদ শ্রবণ মাত্রেই "অশোকারিষ্ট" লইয়া ব্যবহার করিতে দিন।

| | | |
|---|---|---|
| মূল্য প্রতি শিশি | ... | ১৷৹ দেড় টাকা। |
| প্যাকিং ও ডাকমাশুল | ... | ৷৵৹ দশ আনা। |

## হতাশের আশার কথা—বিনামূল্যে ব্যবস্থা।

মফঃস্বলের রোগিগণের অবস্থা এক আনার টিকিটসহ আনুপূর্ব্বিক লিখিয়া পাঠাইলে, ব্যবস্থা পাঠাইয়া থাকি।

আমাদের ঔষধালয়ে তৈলঘৃত, আসব, অরিষ্ট, জারিত ও শোধিত ধাতুদ্রব্যাদি, এবং স্বর্ণঘটিত মকরধ্বজ, মৃগনাভি প্রভৃতি সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়।

**কবিরাজ নগেন্দ্রনাথ সেন এণ্ড কোং লিঃ**

**আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।**

১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড কলিকাতা।

ম্যানেজিং ডিরেক্টার—কবিরাজ শ্রীশক্তিপদ সেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যোনমঃ

# জঙ্গিপুর সংবাদ।

২৩শে মাঘ বুধবার ১৩৩০ সাল।

## মুক্তিদাতার মুক্তি।

—:০:—

মহাত্মা গান্ধীর রাজদ্রোহ অপরাধে ছয় বৎসর কারাবাসের হুকুম হইয়াছিল। হাকিমের হুকুম তামিল করিতে এখন তাঁহার বহু দিন বাকি ছিল। কথায় বলে হাকিম ফিরে তো হুকুম ফিরে না, কিন্তু মহাত্মাজীর বেলায় সে প্রবাদ খাটিল না। নির্দ্ধারিত কারাবাসের সিকি অংশ তামিল করার পরই সরকার তাঁহাকে মুক্তি দিলেন। ইহা সরকারের গুণ না গান্ধীর গুণ? আমরা বলি মহাত্মা গান্ধীর গুণই সরকারকে এই মুক্তিদানের যুক্তি দিয়াছে। মহাত্মাজী চিরমুক্ত। যাঁর নিজের বলিতে কিছু নাই। সুখ, স্বচ্ছন্দতা, আরাম, বিরাম, ভোগ, লালসা, ঘৃণা, লজ্জা, ভয় ইত্যাদি সব যিনি ত্যাগ করিতে পারেন তিনি কারাক্লেশ যে কোনও দিনই দণ্ড বলিয়া ভীত হইবেন এ কথা মনে করাই ভূল। জেল হইতে খালাসের কিছুদিন পূর্ব্বে মহাত্মাজী 'এপেণ্ডিসাইটিস' নামক কঠিন রোগে আক্রান্ত হন। সরকার তখন সুদক্ষ ডাক্তার দিয়া তাঁহার চিকিৎসার ব্যবস্থা করিতে ত্রুটি করেন নাই। সাধারণ কয়েদীর জন্য যে চিকিৎসার ব্যবস্থা আছে মহাত্মাজীর সে চিকিৎসা হইলে এ যাত্রা তাঁহার বাঁচা দুষ্কর হইত। সেইজন্য তাঁহার চিকিৎসার বিশেষ ব্যবস্থা করা হয়। ডাক্তারগণ পেটে অস্ত্রোপচার করিয়া খুব দক্ষতার সহিত তাঁহাকে আরাম করেন। সরকার ও ডাক্তারগণ এই জন্য দেশবাসীর খুব ধন্যবাদের পাত্র। আবার তাঁহাকে জেলে দিলে পাছে রোগ পুনরাক্রমণ করে এই ভাবিয়াই বুঝি সরকার যুক্তি করিয়া বিনাচুক্তিতে এই ঋষিকল্প মহাত্মাকে কারামুক্ত করিয়া দিলেন। আমরা বলি সরকারের জয় জয় কার হউক! আজ সমগ্র ভারতবাসী সরকারের এই ব্যবহারে খুব সন্তুষ্ট। ভারতকে সন্তুষ্ট করিতে সরকার যে না জানে তা নয়। তবুও যে কেন মাঝে মাঝে আমলা ও সেপাই সান্ত্রীর দোষে চাল ভুল করিয়া ফেলেন তা সরকারই জানেন। অধীন দেশকে অধীন করিয়া রাখিতে হইলে যে কেবল ডাণ্ডাবিধি প্রয়োগই এক মাত্র দাওয়াই নয় সরকার এটা জানেন কিন্তু জানিয়াও কতকগুলি নির্য্যাতনপ্রিয় বদপরামর্শদাতার পরামর্শ লইয়া এক আঙ্গুল সেলাই করিতে তিন আঙ্গুল ছিঁড়িয়া ফেলেন। দেশ তো বহুদিনই এই সরকারের অধীনে আছে কই এত দিন তো সরকারের বিরুদ্ধে আন্দোলন দেশবাসী করে নাই। এতদিন করে নাই আজই বা করে কেন এটা একটু তলাইয়া দেখিলেই বোঝা যায় যে দোষ কার? রাঁধুনির না খানেবালার? চিকিৎসকের না রোগীর? ঘোড়ার না সওয়ারের? শাসকের না শাসিতের? দেশ যা চায় তার ষোল আনা না দিয়া কিস্তিবন্দী করিয়া দিলেই বা কি হয় একবার দেখার দোষ কি? মহাত্মা গান্ধীর মুক্তিতে আজ দেশের আনন্দ সরকার নিশ্চয়ই উপলব্ধি করিতেছেন। দেশ যা চায় তা কর্ত্তাদের অজানিত নয়। ডাণ্ডাবিধিগুলো একটু আধটু ঠাণ্ডাবিধিতে পরিণত কর্‌লে সরকার বোধ হয় ভুলটা কতক শুধ্‌রে নিতে পারেন। চোর ডাকাতের দণ্ড বরং আরও কড়া হইলে দেশ তাহাতে খুসিই হবে। তবে আটার মধ্যে ঘুণ পেষার মত সাধুকে যেন চোরের মধ্যে না ধরা হয় ইহাই সকল লোকের ইচ্ছা। তবে গান্ধীজীকে খালাস দিয়া আজ সরকার যে সন্তোষ-বীজ দেশে বপন করিলেন তাহা অঙ্কুরিত হইলে যদ্যপি আরও শীতল বারি সিঞ্চন করিতে পারেন তবে নিশ্চয়ই শান্তিফল ফলিবে এরূপ আশা করা যায়। আমাদের আরও আনন্দের কথা এই যে যখন বাংলার কাউন্সিলের কর্ত্তারা চণ্ডনীতিকে চণ্ডতর করিবার কল্পনা করিতেছেন সেই সময়ে ভারত সরকার অসহযোগের সৃষ্টিকর্ত্তার মুক্তি দিলেন। সুতরাং এটাও মনে করিতে হইবে ঝড় বহিয়া ডালপালাগুলি আন্দোলিত হইলেও গুঁড়ি টলে না। আবার বলি ভারত সরকারের জয় হউক।

—

## জঙ্গিপুরে মুর্শিদাবাদের ম্যাজিষ্ট্রেট সাহেব।

—:০:—

মুর্শিদাবাদের জনপ্রিয় জেলা ম্যাজিষ্ট্রেট ডবলিউ, এস্, এডি সাহেব ছুটি লইয়া বিলাত যাওয়ায় এল, এস্, বিঙ্গিম্যান জেলার ম্যাজিষ্ট্রেট হইয়া আসিয়াছেন। পুরাতন গিয়া নূতন আসিলে মনেও নূতন ভাব আসিয়া পড়ে। এডি সাহেব খুব মিশুক লোক ছিলেন। সাহেব দেখিয়া সর্ব্বদা বাঙ্গালীরা যে ভয় করে এডি সাহেবকে দেখিয়া সে ভয় করিত না। তাই নূতন সাহেব জঙ্গিপুরে আসিতেছেন শুনিয়া লোকের বিশেষতঃ আমলাগণের মনে চাঞ্চল্য দেখা গিয়াছিল। তিনি আসিবার পূর্ব্বে খুব কড়া সাহেব বলিয়া একটা রবও ছুটিয়াছিল। বহরমপুরে অফিসের 'ডিসিপ্লিন' সম্বন্ধে খুব কঠোর ভাব অবলম্বন করিয়াছেন শুনিয়া এখানকার অফিসসমূহে একটু ভীতিরও সঞ্চার না হইয়াছিল এমন নহে। তবে তাঁহার ব্যবহার ও কার্য্যাবলী দেখিয়া সে ভাব দূর হইয়াছে। তবে যদি কোন কর্ম্মচারী সত্য সত্যই কাজে কসুর করেন তবে তার উপর কড়া না হইয়া মিঠে হওয়া আশা করা অন্যায়।

—

## আবাহন।

—:০:—



বাজায়ে দীপক বীণার তারে,
আয় মা ভারতে ভারতী আজ;
ভাঙ্গিবে না ঘুম ইমন্, বেহাগে
মল্লারে কিছু হবে না কাজ!
বধির শ্রবণে সুললিত গান,
পশিবে না কভু পশিবে না;
পতনের ঘুমে নিদ্রিত বীর.
জাগিবে না মাগো জাগিবে না।

প্রতি ঝঙ্কারে, প্রতি সুরে সুরে,
সঘন গর্জ্জি কোমল বীণা,
রৌদ্র ভাষায় গাহুক 'অতীত'
প্রতাপের দেশ রাজপুতানা;
আনুক স্মরণে ফিরায়ে জননী,
ত্যাগের লুপ্ত অমর গান;
দেব অসুরের সংগ্রামে সেই
দধিচী মুনির অস্থি দান।

প্রিয় নিকেতন ভারতে জননী
কি সুখে ফিরিয়া এলে আবার?
সাধের কানন, দাবানলে তোর
পুড়ে গেছে ফুল ফুটে না আর;
নাই বঙ্কিম, নাই হেম, মধু,
নাই যশোময় যশোর বীর,
পরলোকগত মহর্ষি তিলক,
শুষ্ক স্বদেশ প্রেমের নীর।

তবু গো অভাগি, এসেছিস যদি
আমরা ত আছি এখনও বেঁচে,
শুধু সম্বল নয়নের জল,
ক্ষীণ স্পন্দন এখনও আছে!
নীরব ভাষায় আছে 'মা' 'মা' রব
নাই স্বাধীনতা ডাকিতে জোড়ে,
কাঙ্গালের মা আর কিবা চাস,
গাহি "স্বাগতম্" ভক্তিভরে।

শ্রীগুরু পদ বন্দ্যোপাধ্যায়।
"সুরেন্দ্র কুটীর" জঙ্গিপুর।

—

## ট্রেনে আত্মহত্যা।

—০—

জঙ্গিপুর রোড ষ্টেসনের নিকটবর্ত্তী মঙ্গলজন নামক গ্রামের যাখির সেখের প্রায় ২০ বৎসর বয়স্কা স্ত্রী কি জানি কেন রেল লাইনে পড়িয়া চলন্ত ট্রেণের সাহায্যে ইহধাম ত্যাগ করিয়াছে। এক স্থান হইতে অন্য স্থানে যাইতে হইলে যেমন ট্রেণের সাহায্য লওয়া দরকার, ইহলোক হইতে পরলোকে যাইবার

জন্যও লোকে রেলগাড়ীকে তেমনি দরকারে লাগাইতেছে। শোনা যায় স্ত্রীলোকটি নাকি একটু বিকৃত মস্তিষ্কা ছিল।

---

## ভয়ানক অজ্ঞতা ও গোঁড়ামি।

—:o:—

'অমৃতবাজারে' প্রকাশ যে, দুইটী মাতৃপিতৃহীন দোসাদ বালককে এক উচ্চ শ্রেণীর হিন্দু ভদ্রলোক আশ্রয় দান করেন, এই অপরাধে ভদ্রলোকটীর মৃত্যু হইলে তাঁহার স্বজাতিরা কেহ তাঁহাকে সৎকার করিতে চাহে না। তাঁহার পরলোকগত আত্মা এমন স্বজাতীয়দের স্পর্শ লাভ না করিয়া বোধ হয় তৃপ্ত হইয়াছেন। পরে অপর এক ভদ্রলোক ঐ দোসাদ বালক দুইটীকে কতক দিন আশ্রয় দেন। কিন্তু তাহারা হিন্দু-সমাজের এই উদারতার কথা হৃদয়ে ধারণ করিয়া একদিন দুই ভায়েই মুসলমান হইয়া যায়। বালক দুইটী শেষ আশ্রয়-দাতা ভদ্রলোককে জানাইয়াছে যে, আমাদের মৃতদেহ সৎকারের আর বাধা হইবে না; আমরা মরিলে নবাব সামসুল হুদাও আমাদের সমাধিক্ষেত্রে আসিতে পারেন। দোসাদ বালক দুইটীর কথাতে হিন্দু-সমাজের কি চৈতন্য হবে না?

---


## নিলামের ইস্তাহার।

চৌকী জঙ্গিপুরের প্রথম মুন্সেফী আদালত।

নিলামের দিন ১৫ই ফেব্রুয়ারী ১৯২৪।

৪৯৭ মনি ডিঃ শরৎচন্দ্র বন্দ্যোপাধ্যায় দেং হরিলাল দাস দাবি ২১৻৯ পং গনকর মৌজে খোদ বাহুড়া ১/১। কাত ৬৸৵১৩ আঃ ১০৲

---

## নোটীশ।

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানান যাইতেছে যে, জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর অন্তর্গত ৫নং ওয়ার্ডে রঘুনাথগঞ্জ খোঁয়াড়ের ঠিক সম্মুখে জোলার উপর পতিত স্থান কোর্ফা সত্বে পত্তন করা হইবে। গ্রহণেচ্ছুগণ আগামী ১৫ই ফাল্গুন মধ্যে "জঙ্গিপুর সংবাদ" কার্য্যালয়ে আসিয়া বা নিম্ন স্বাক্ষরকারীর নিকট অনুসন্ধান করুন। ইতি সন ১৩৩০ সাল ১লা মাঘ।

শ্রীদিগম্বর চট্টোপাধ্যায়।
রঘুনাথগঞ্জ।
(মুর্শিদাবাদ।)

---

## নোটীশ।

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে, জেলা মুর্শিদাবাদের অন্তর্গত মিঠিপুর গ্রাম নিবাসী ৺দ্বারিকানাথ রায়ের পুত্র শ্রীলক্ষ্মীনারায়ণ রায়কে সন ১৩২৮ সালের ১৩ই ভাদ্র তারিখে আমমোক্তার নিযুক্ত করিয়াছিলাম, অদ্য হইতে উক্ত আমমোক্তারকে cancel বা রহিত করিলাম। উক্ত আমমোক্তার আমাদের কর্ম্মচারী ছিল, উক্ত কর্ম্মচারীকে কার্য্য হইতে বরখাস্ত করিয়াছি। অদ্য হইতে তাহার কৃত কার্য্যে আমরা বাধ্য হইব না। ইতি সন ১৩৩০। ১৩ই মাঘ।


শ্রীকৃষ্ণচন্দ্র বড়াল ও শ্রীশশাঙ্কশেখর বড়াল।
রঘুনাথগঞ্জ।

---

Wanted an expart Amin to work during the Settlement. Salary Rs 10 P. M. fooding lodging free. Mahamadan need not apply. Apply to the undersigned within the 24th February 1924.

(Sd.) Digambar Chatterji.
RAGHUNATHGANJ, (Murshidabad.)

---




## খেতে কোন হাঙ্গামা নাই

অনুপান—গরম দুধ; অভাবে গরম জল।

**মাত্রা** — পূর্ণ বয়স্কের এক দাগ, ৬ হইতে ১২ বৎসর পর্য্যন্ত অর্দ্ধ দাগ, অনূন বয়স্কের ৫।৭ বিন্দু হইতে সিকি দাগ।

**ব্যবহার বিধি** — সকালে ও বৈকালে এক দাগ করিয়া সুরবল্লী কষায় এক ছটাক আন্দাজ গরম দুধ ঠাণ্ডা করিয়া ঐ দুধের সহিত খাইতে হয়। দুধ অভাবে গরম জল ব্যবহার করা চলে।

**পথ্যাপথ্য** — পুরাতন চালের ভাত, কিম্বা রুটী বা লুচি এবং ছোট মাছ; মুগ, ছোলা বা অড়হর ডাল; পটল, আলু, বেগুণ, ডুমুর, ঝিঙ্গা, উচ্ছে, কাঁঠাল বিচি, কাঁকুড়, থোড়, মোচা, ওল, মানকচু, এঁচোড়, মটরশুটি, কপি প্রভৃতির ব্যঞ্জন সুপথ্য। তৈলপক্ক ব্যঞ্জন অপেক্ষা ঘৃতপক্ক ব্যঞ্জন; সাধারণ নুনের পরিবর্ত্তে সৈন্ধব নুন; অল্প মিষ্টে প্রস্তুত সকল রকম ঘৃতপক্ক খাবার—লুচি, মোহনভোগ, গজা, মেঠাই, মাখন, মিছরি, বেদানা, পেস্তা, বাদাম, কিসমিস, আঙ্গুর, খোবানী, এবং সুপক্ক ফল আম, পানিফল, ইত্যাদি বিশেষ উপকারী।

**সাধারণ নিয়ম** — প্রয়োজন মত গরম জলে স্নান করা। গায়ে একটী জামা সর্ব্বদা রাখিলে ভাল হয়। সর্ব্বদা পরিষ্কার পরিচ্ছন্ন ও প্রফুল্লচিত্তে থাকা, কোষ্ঠ পরিষ্কার রাখা ও সুনিদ্রার প্রতি দৃষ্টি রাখা কর্ত্তব্য।

**নিষিদ্ধ** — নিয়মাদি ও অন্যান্য পালনোপযোগী নিয়মাদি সুরবল্লী কষায় ব্যবহার-বিধি পুস্তকে বিস্তারিত লেখা আছে।

## সুরবল্লী কষায়

সেবনে বাত, সর্ব্বপ্রকার রক্তদুষ্টি ও চর্ম্মরোগ, যাবতীয় দুষ্টক্ষত, শারীরিক দৌর্ব্বল্য প্রভৃতি দূরীভূত হয়। উদ্ভিজ্জ দ্রব্যে প্রস্তুত, খাইতে সুস্বাদু। সকল বয়সে এবং সকল ঋতুতে নির্ব্বিঘ্নে ব্যবহার করিতে পারা যায়।

==এক শিশি ১৷৷০ টাকা==ডাকমাশুল ৸/০ আনা==

**সি, কে, সেন এণ্ড কোং লিমিঃ**
২৯ নং কলুটোলা ষ্ট্রীট
—কলিকাতা—

